ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৭৩৭

আগরতলা,১৬ মে,২০২৫

**গুণগত শিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ**

২০২৫-২৬ শিক্ষাবর্ষে, রাজ্যে বিশেষ করে প্রত্যন্ত অঞ্চলে গুণগত শিক্ষার সুযোগ সম্প্রসারণের জন্য বিভিন্ন উল্লেখযোগ্য পদক্ষেপ নেওয়া হয়েছে। ব্রু পুনর্বাসন কলোনিগুলিতে মোট ১২টি জুনিয়র বেসিক এবং সিনিয়র বেসিক স্কুলকে যথাক্রমে সিনিয়র বেসিক এবং হাইস্কুলে উন্নীত করা হয়েছে। এছাড়াও দক্ষিণ ত্রিপুরা জেলার ১টি সিনিয়র বেসিক স্কুলকে হাইস্কুলে উন্নীত করা হয়েছে।

ধলাই, উত্তর ত্রিপুরা এবং পশ্চিম ত্রিপুরা জেলার মোট ৪টি উচ্চমাধ্যমিক বিদ্যালয়কে (হাইস্কুল) উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে (হায়ার সেকেন্ডারি) উন্নীত করা হয়েছে, যা শিক্ষার্থীদের অগ্রগতি সহজতর করেছে। সিপাহীজলার ২টি উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান বিভাগ চালু করা হয়েছে, যা শিক্ষার্থীদের বিজ্ঞান বিভাগ নিয়ে পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি করবে। রাজ্য সরকার ইংরেজি মাধ্যম বিদ্যালয় তৈরি করার উদ্যোগ অব্যাহত রেখেছে। এই বছর এখন পর্যন্ত মোট ৫টি বিদ্যালয়ে ইংরেজি মাধ্যম বুনিয়াদি স্তর থেকে মাধ্যমিক স্তর অবধি সম্প্রসারণ হয়েছে। এই উদ্যোগগুলি জাতীয় শিক্ষানীতি (এন.ই.পি.) ২০২০-এর সাথে সামঞ্জস্যপূর্ণ করার চলমান প্রচেষ্টার অংশ, যার লক্ষ্য রাজ্যজুড়ে ন্যায়সঙ্গত এবং গুণগত শিক্ষা প্রদান করা। মাধ্যমিক শিক্ষা দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****